



অ্যাটর্নি জেনারেল কার্যালয়ে চুরির অভিযোগ



ছবি: সংগৃহীত

রাজধানীর শাহবাগে সুপ্রিম কোর্ট প্রাঙ্গণে অবস্থিত অ্যাটর্নি জেনারেল কার্যালয়ে চুরির ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার (১১ জুন) দিবাগত রাতের এ ঘটনায় দুর্বৃত্তরা ভবনের কিছু অংশের ক্ষতিও করেছে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

গুত্রবার (১২ জুন) অ্যাটর্নি জেনারেল কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা মো. নাসির উদ্দিন স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, গভীর রাতে কয়েকজন ব্যক্তি ভবনের নিচতলা ও দ্বিতীয় তলার লিফটসংলগ্ন জানালার দুটি খাই গ্লাস খুলে ফেলে। এর মধ্যে একটি নিয়ে যেতে সক্ষম হলেও অপরটি ফেলে পালিয়ে যায় তারা।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, শব্দ শুনে দারোয়ান ফজলুল হক ও মিঠুন বাড়ে এবং দায়িত্বরত পুলিশ সদস্যরা ঘটনাস্থলে ছুটে যান। পরে তারা দুর্বৃত্তদের ধাওয়া করলে তারা দ্রুত পালিয়ে যায়।

ঘটনার বিষয়ে অ্যাটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজল এটিকে নাশকতামূলক কর্মকাণ্ড হিসেবে উল্লেখ করেছেন। তিনি বলেন, সম্প্রতি অফিসকে ঘিরে অনলাইনে যে অপপ্রচার চালানো হচ্ছে, এর সঙ্গে কিছু অসাধু ও চাকরিচ্যুত ব্যক্তির সংশ্লিষ্টতা থাকতে পারে।

ঘটনার সঙ্গে জড়িত ব্যক্তি ও সম্ভাব্য ইন্ধনদাতাদের শনাক্ত করতে এবং সুষ্ঠু তদন্ত নিশ্চিত করতে আইনশৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানিয়েছে অ্যাটর্নি জেনারেল কার্যালয়।